

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
রিজিওনাল প্ল্যানিং
www.udd.gov.bd
director.udd1965@gmail.com

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.১৯

তারিখ: ৫ অগ্রহাষণ ১৪২৪

১৯ নভেম্বর ২০১৭

বিষয়: নারায়ণগঞ্জ জেলা কারাগার সম্প্রসারণের লক্ষ্যে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকার অনাপত্তি পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: সূত্র-০১ঃ তাঁর দপ্তরের স্মারক নং-৫৮.০৪.৬৭০০.০৯১.০৩.০৪৫.১৭-৮৬৬, তারিখঃ ১০.১০.২০১৭ ইং।

সূত্র-০২ঃ নগর উন্নয়ন অধিদপ্তরের স্মারক নং- ২৫.৪৫.০০০০.০০০.২৩.২০৭.১৭-১৪৮৪, তারিখঃ ০৯/০৭/২০১৭ ইং।

সূত্র-০৩ঃ তাঁর দপ্তরের স্মারক নং- ৫৮.০৪.৬৭০০.০৯১.০৩.০৪৫.১৭-৩৪৯, তারিখঃ ০৪/০৬/২০১৭ ইং।

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক উপর্যুক্ত বিষয় ও ৩ নং সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ জেলা কারাগার সম্প্রসারণের লক্ষ্যে নারায়ণগঞ্জ জেলার বর্তমান জেলা কারাগার সংলগ্ন কায়েমপুর মৌজা এবং খানপুর মৌজায় ০১ (এক) একর জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তিপত্র প্রদানের অনুরোধ জানানো হয়। অনাপত্তিপত্র প্রক্রিয়াকরণের নিমিত্তে বর্ণিত এলাকাটি সরেজমিনে পরিদর্শন করা হয় এবং প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত ২ নং সূত্রের মাধ্যমে চাওয়া হয়। এর প্রেক্ষিতে জেলা কারাগার নারায়ণগঞ্জের ১ নং সূত্রের মাধ্যমে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের অনাপত্তিপত্র সরবরাহ করে।

অনাপত্তিপত্র প্রক্রিয়াকরণের নিমিত্তে নিম্নোক্ত তথ্য ও উপাত্ত প্রয়োজনঃ

১. প্ল্যানিং কমিশন স্ট্যান্ডার্ড অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থা অথবা স্থাপত্য অধিদপ্তর কর্তৃক জমির প্রাপ্যতার প্রত্যয়ন পত্র।

২. আর এস মৌজা ম্যাপের উপর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত প্রস্তাবিত জমির দাগ সূচীসহ সাইট প্ল্যান প্রস্তুতকৃত নকশা।

৩. প্রত্যাশী সংস্থা কর্তৃক মামলা সংক্রান্ত প্রত্যয়ন পত্র।

এমতাবস্থায় জমি অধিগ্রহণের জন্য অনাপত্তিপত্র প্রক্রিয়াকরণের নিমিত্তে উপরোক্ত তথ্যাদি সরবরাহ করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

১৯-১১-২০১৭

কাজী মোঃ ফজলুল হক

সিনিয়র প্ল্যানার

ফোন: ৯৫৭২২৮১

জেল সুপার, জেলা কারাগার, নারায়ণগঞ্জ

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.১৯/১(২)

তারিখ: ৫ অগ্রহাষণ ১৪২৪

১৯ নভেম্বর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর

২) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি দপ্তরের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)

১৯-১১-২০১৭

ইসরাত জাহান

প্ল্যানার